



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মেহেরপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র
কুষ্টিয়া রোড, মেহেরপুর।

“ড্রাইভিং উইথ অটোমেকানিক্স” কোর্সে ভর্তি বিজ্ঞপ্তিঃ

দেশ-বিদেশে শিক্ষিত ও দক্ষ ড্রাইভারের চাহিদা পূরনের লক্ষ্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর তত্ত্বাবধানে বাস্তবায়নধীন “দেশ-বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান” শীর্ষক প্রকল্পের আওতায় সম্পূর্ণ সরকারি খরচে মেহেরপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) তে ০৩ মাস (জানুয়ারী-মার্চ/২০২৩ খ্রিঃ) মেয়াদী “ড্রাইভিং উইথ অটোমেকানিক্স” কোর্সে প্রশিক্ষণার্থী ভর্তির লক্ষ্যে আবেদন আহ্বান করা যাচ্ছে।

ভর্তির প্রয়োজনীয় তথ্য	ভর্তির নিয়মাবলী	প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য ও আসন সংখ্যা
<p>১। আবেদনকারীর ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি।</p> <p>২। জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি (দুই কপি)।</p> <p>৩। শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি ০২ কপি।</p> <p>৪। ইউনিয়ন পরিষদ/পৌরসভা প্রদত্ত বেকার ও স্কুল/কলেজে অধ্যয়নরত নহে সংক্রান্ত প্রত্যয়নের মূলকপি।</p> <p>৫। পাসপোর্টধারী/বিদেশফেরত ব্যক্তিগণ বিদেশ ফেরত সংক্রান্ত কাগজপত্রের ফটোকপি।</p> <p>৬। যেকোন প্রকার ড্রাইভিং লাইসেন্স নেই এবং টিটিসি বা অন্য কোনো প্রতিষ্ঠান হতে ড্রাইভিং প্রশিক্ষণপ্রাপ্ত/প্রশিক্ষণরত নয় এইমর্মে আবেদনকারীর অঙ্গিকারনামা।</p> <p>৭। সিভিল সার্জনের কার্যালয় হইতে “সুস্বাস্থ্যের অধিকারী, দৃষ্টিশক্তি ভাল ও কালার ব্লাইন্ড নয়” এইমর্মে প্রত্যয়নের মূলকপি (চূড়ান্তভাবে নির্বাচিত হলে ভর্তির সময়)।</p> <p>৮। ড্রাইভিং লাইসেন্স এর জন্য মেডিকেল ফরম পূরণ করে জমা দিতে হবে।</p>	<p>১। সরাসরি ভর্তি (আগে আসলে আগে ভিজিতে)।</p> <p>ভর্তি শুরুর তারিখঃ ১৫ নভেম্বর/২০২২ খ্রিঃ হইতে।</p> <p>২। সরাসরি ভর্তি ২২ ডিসেম্বর/২০২২ খ্রিঃপর্যন্ত (আগে আসলে আগে ভিজিতে)। নির্ধারিত তারিখের পূর্বে আসন পূরণ হয়ে গেলে ভর্তি কার্যক্রম বন্ধ।</p> <p>৩। ক্লাস শুরুর ০১ জানুয়ারী ২০২৩, রবিবার (সকাল শিফটঃ সকাল ০৮ টা, বিকালের শিফটঃ দুপুর ০২ টা)</p> <p>৪। ভর্তির সময় লার্নার ড্রাইভিং লাইসেন্স ফি জমা দিতে হবে। পরবর্তিতে চূড়ান্ত ড্রাইভিং লাইসেন্স পরীক্ষায় উত্তীর্ণ হলে ড্রাইভিং লাইসেন্সের প্রাপ্তি স্বীকার পত্র জমাদান পূর্বক লার্নার ফি ও ড্রাইভিং লাইসেন্স ফি প্রদান করা হইবে।</p>	<p>১। কোর্সের মেয়াদঃ ০৩ মাস/৩৬০ঘন্টা।</p> <p>২। প্রতিদিন ক্লাসের সময়ঃ ৫ ঘন্টা (সকালের শিফটঃ সকাল ০৮ টা হতে- দুপুর ০১ টা, বিকালের শিফটঃ দুপুর ০২ টা সন্ধ্যা ০৭ টা পর্যন্ত)।</p> <p>৩। সপ্তাহে ০৬ দিন ক্লাস পরিচালিত হবে।</p> <p>৪। বৈদেশিক কর্মসংস্থানের সুবিধার্থে ইংরেজি ও আরবি ভাষার ক্লাস অন্তর্ভুক্ত আছে।</p> <p>৫। কোর্স ফি সম্পূর্ণ ফ্রি, প্রশিক্ষণার্থীগণ প্রকল্পের নির্ধারিত আর্থিক সুবিধাদি পাবে।</p> <p>৬। প্রশিক্ষণকালীন কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্যবিধি যথাযথভাবে প্রতিপালন করতে হবে।</p>

ভর্তির শর্তসমূহঃ

- ১। ১৫ নভেম্বর ২০২২ তারিখে বয়সঃ ২১ হইতে ৪৫ বছরের মধ্যে হতে হবে।
- ২। প্রার্থীর অবশ্যই জাতীয় পরিচয়পত্র থাকতে হবে।
- ৩। আবেদনকারীকে কমপক্ষে ৮ম শ্রেণি/সমমান পাশ হতে পাবে।
- ৪। পাসপোর্টধারী, বিদেশফেরত ব্যক্তিগণ, মহিলা, ক্ষুদ্র-নৃগোষ্ঠী, দরিদ্র, সমাজের পিছিয়ে পড়া ও সুবিধা বঞ্চিত জনগোষ্ঠী ভর্তিতে অগ্রাধিকার পাবে।
- ৫। কোনো শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের আবেদন করার দরকার নাই।

জরুরী প্রয়োজনে যোগাযোগঃ ০১৭১৮-৩০৭০৫৭, ০১৭১৪-৯৬১৪৭৮

বিঃ দ্রঃ ভর্তির ক্ষেত্রে কোন ভুল তথ্য প্রদান করলে/কোন তথ্য গোপন বা জালিয়াতি করলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

মোঃ আরিফ হোসেন তালুকদার)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

মেহেরপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র

ফোনঃ ০২৪৭৭৭৯২৭১৭

Email: meherpurttc@gmail.com